

পরীক্ষার সময়ও অবরোধ থাকছে

এনাম আব্বাসী

সামনের এসএসসি ও সমন্বয়ের পরীক্ষা চলাকালে হরতাল-অবরোধ প্রত্যাহারের চিন্তা নেই বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের। বরং ওই সময় পর্যন্ত আন্দোলন টেনে নিয়ে যেতে পারলে তা আরো বেগবান

▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

পরীক্ষার সময়ও অবরোধ থাকছে

▶▶ প্রথম পৃষ্ঠার পর

করার চেষ্টা করবে তারা। শীর্ষ পর্যায়ের নেতাদের সঙ্গে কথা বলে জোটের এ অবস্থানের কথা জানা গেছে। আগামী ২ ফেব্রুয়ারি থেকে সারা দেশে এসএসসি ও সমন্বয়ের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। কিন্তু দেশজুড়ে চলা টানা অবরোধের পাশাপাশি ঘটনার সূত্র ধরে বিভিন্ন এলাকায় বিচ্ছিন্নভাবে হরতাল কর্মসূচি দেওয়ার প্রবণতায় পরীক্ষার্থী, অভিভাবক মহলের পাশাপাশি শিক্ষাঙ্গন-সর্বমুঠে সবাই উদ্ভিন্ন। তবে ২০ দলীয় জোটের মধ্যে এ ইস্যুতে কর্মসূচি প্রত্যাহারের চিন্তা দূরে থাক, আলোচনাই নেই।

জানতে চাইল বিএনপির ছায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ কালের কণ্ঠকে বলেন, 'যত দূর জানি কর্মসূচি চলবে।' তাঁর মতে, আন্দোলন থেকে পেছানোর কোনো সুযোগ বিএনপির নেই। প্রায় একই ধরনের মত ছায়ী কমিটির আরেক সদস্য লে. জেনারেল (অব.) মাহবুবুর রহমানের। তিনি বলেন, আন্দোলন যে পর্যায়ে রয়েছে, তাতে পেছানোর সুযোগ কম বলেই মনে হয়। ফলে ফেব্রুয়ারিতেও আন্দোলন চলবে, এটা বলা যায়।

প্রধান শরিক জামায়াতের নামেব আমির অধ্যাপক মুজিবুর রহমান বলেন, আন্দোলন থেকে ২০ দলীয় জোট কোনোক্রমে পিছু হটবে না। হটার সুযোগও নেই। অবরোধ চলবে। তিনি বলেন, 'অতীতে সব সময়ই আন্দোলন সামনে থাকলে পরীক্ষা পেছানোর উদাহরণ রয়েছে। এবারও আমরা মনে করি, আন্দোলন নয় পরীক্ষা পেছানো উচিত।' নাম প্রকাশ না করার শর্তে বিএনপির শীর্ষ পর্যায়ের আরেক নেতা বলেন, বিশ্ব

ইজতেমার সময় যেখানে অবরোধ প্রত্যাহার করা হয়নি সেখানে পরীক্ষার সময় তা প্রত্যাহারের চিন্তা অব্যাহত। তা ছাড়া এ প্রশ্নে দলীয় চেয়ারপারসনের সামনে কথা তোলার সাহসও কারো আছে বলে মনে হয় না, যোগ করেন ওই নেতা। এদিকে গতকালও বিএনপি, জামায়াতসহ জোটের বিভিন্ন পর্যায়ের নেতাদের সঙ্গে কথা বলে জানা গেছে, আন্দোলন চালিয়ে যাওয়ার ব্যাপারে খালেদা জিয়া অনড় অবস্থানে। সংলাপের উদ্যোগ না নেওয়া পর্যন্ত ওই আন্দোলন চলবে। এমনকি নিজেকে শ্রেষ্ঠার করা হলেও যাতে আন্দোলন অব্যাহত থাকে এমন প্রস্তুতি ও দিকনির্দেশনা খালেদা জিয়া জোট নেতাদের দিয়ে রেখেছেন। আন্দোলন যে পর্যায়ে রয়েছে সেখান থেকে পিছু হটলে শ্রেষ্ঠার-নির্বাচনের মুখে বিএনপির নেতৃত্বাধীন জোট বিপর্যয়ের মধ্যে পড়বে বলে মনে করা হচ্ছে। গত বছরের ৫ জানুয়ারি নির্বাচন প্রতিহতের আন্দোলন থেকে পিছু হটার ঘটনা এ ক্ষেত্রে বিএনপির সামনে বড় উদাহরণ হিসেবে বিবেচিত। খালেদা জিয়াসহ জোট নেতারা এখানে মনে করেন, নির্বাচনের পরও ওই আন্দোলন অব্যাহত রাখা হলে সরকার চাপের মুখে পড়ত এবং একপর্যায়ে আলোচনায় বসতে বাধ্য হতো। কিন্তু নির্বাচনের কয়েক দিন পর আন্দোলন থেকে পিছু হটায় সরকার ক্ষমতা সংহত করার সুযোগ পায় এবং এরপর সারা দেশে বিএনপি জোটের নেতা-কর্মীদের গণহারে গ্রেপ্তারের ঘটনা ঘটে। সব মিলিয়ে ওই সময় আন্দোলন থেকে পিছু হটা বিএনপির ভুল সিদ্ধান্ত ছিল বলে দলটির নেতারা এখানে মনে করেন। তাই এবার আন্দোলনের ফলাফল যা-ই হোক, মাঝপথে তা ছুটি করার চিন্তা তাঁরা করছেন না।